গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
(বাণিজ্য সংগঠন-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৬.০১.০০১.২৪. ৪০ | তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১ / ২৮ এপ্রিল ২০২৪

বিষয়: কোম্পানি আইন ১৯৯৪ অনুযায়ী কোম্পানি সমূহের Documents Verification Code (DVC) পরিপালন পূর্বক অডিট রিপোর্ট প্রস্তুত ও এজিএম অনুষ্ঠান সংক্রান্ত সমস্যা সমাধানকল্পে সংশ্লিষ্ট অংশীজনদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোম্পানি আইন ১৯৯৪ অনুযায়ী কোম্পানি সমূহের Documents Verification Code (DVC) পরিপালন পূর্বক অডিট রিপোর্ট প্রস্তুত ও এজিএম অনুষ্ঠান সংক্রান্ত সমস্যা সমাধানকল্পে জাতীয় গোয়েন্দা নিরাপত্তা প্রতিবেদন ও উক্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের (RJSC) পরামর্শ মোতাবেক সংশ্লিষ্ট অংশীজনদের অংশগ্রহণে একটি সভা সিনিয়র সচিব বাণিজ্য মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে ২ এপ্রিল ২০২৪ তারিখ অনুষ্ঠিত হয়। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

> "FRC নির্ধারিত Public Interest Entity (PIE) ব্যতীত অন্যান্য প্রাইভেট কোম্পানি, বাণিজ্য সংগঠন ও ২৯ ধারার কোম্পানিসমূহ জুন/২০২৫ সাল পর্যন্ত বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী মুলতবী সভার মাধ্যমে অনুমোদন এবং আরজেএসসি-তে দাখিল করতে পারবে। তবে, এই নীতি ৮১ (১) ধারা অনুসারে তখনি প্রয়োগ হবে যখন মুলতবীকৃত এজিএম উহার পরবর্তী এজিএম এর নির্দিষ্ট সময় অতিক্রান্ত হবার পূর্বে অনুষ্ঠিত হয়"।

০২। এমতাবস্থায়, বর্ণিত সিদ্ধান্ত পরবর্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল অংশীজনকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ সভার কার্যবিবরণী

২৮/০৪/২০২৪

(এম এম মোস্তফা জামাল চৌধুরী)
উপসচিব
E-mail: to1@mincom.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) নিবন্ধক (অতিরিক্ত সচিব), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন, ১ কাওরান বাজার, ঢাকা
২) চেয়ারম্যান, ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, পর্যটন ভবন (৯ম তলা), প্লট-৫সি/১ পশ্চিম আগারগাঁও, ঢাকা
৩) চেয়ারম্যান, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি), সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা
৪) সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ৬০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৬.০১.০০১.২৪. ৪০ | তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১ / ২৮ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:
১) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২) সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩) মহাপরিচালক, বাণিজ্য সংগঠন এর ব্যক্তিগত কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহাপরিচালক, বাণিজ্য সংগঠন মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৮/০৪/২০২৪

(এম এম মোস্তফা জামাল চৌধুরী)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-১

কোম্পানি আইন ১৯৯৪ অনুযায়ী কোম্পানি সমূহের Documents Verification Code (DVC) পরিপালন পূর্বক অডিট রিপোর্ট প্রস্তুত ও এজিএম অনুষ্ঠান সংক্রান্ত সমস্যা সমাধানকল্পে সংশ্লিষ্ট অংশীজনদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব তপন কান্তি ঘোষ |
| | : সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয় |
| সভার স্থান | : সম্মেলন কক্ষ, বাণিজ্য মন্ত্রণালয় |
| সভার তারিখ | : ০২ এপ্রিল ২০২৪ |
| সভার সময় | : সকাল ১১.০০ ঘটিকায় |
| উপস্থিতি | : পরিশিষ্ট "ক" |

উপস্থিত সকল অংশীজনদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। আলোচনার শুরুতে সভাপতির নির্দেশক্রমে জনাব মোঃ মিজানুর রহমান এনডিসি, নিবন্ধক (অতিরিক্ত সচিব) যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি) কোম্পানি আইন-১৯৯৪ এর ৮১, ১৮৩. ১৮৯ ও ১৯১ ধারা সমূহ এবং বার্ষিক হিসাব বিবরণীতে নিরীক্ষা প্রতিবেদন দাখিলে Documents Verification Code (DVC) পরিপালনের বিষয়ে সভার কার্যপত্র পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন। উপস্থাপনায় তিনি জানান, কোম্পানি আইন ১৯৯৪ এর ধারা ৮১ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কোম্পানির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের এবং ধারা ১৮৩ অনুযায়ী বিধিবদ্ধ সময়ের মধ্যে বার্ষিক হিসাব বিবরণী প্রস্তুত করে তা উক্ত বার্ষিক সাধারণ সভায় (এজিএম) উপস্থাপনের বাধ্যবাধকতা রয়েছে। অপরদিকে, আইসিএবি Documents Verification System (DVS) অনুযায়ী নিরীক্ষকগণ কর্তৃক প্রস্তুতকৃত কোম্পানির বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন উক্ত এজিএম এ উপস্থাপন করতে হয়। কিন্তু অনেক ক্ষেত্রে কোম্পানি আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে DVC'র মাধ্যমে অডিট সম্পন্ন হচ্ছে না। ফলে নির্ধারিত সময়ের মধ্যে কোম্পানি কর্তৃক বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করা সম্ভব হচ্ছে না। বিষয়টি নিয়ে প্রতিদিন বিপুল সংখ্যক সেবা গ্রহিতা আরজেএসসিতে হাজির হচ্ছেন এবং সমস্যাটি সমাধানের জন্য অনুরোধ জানাচ্ছেন। পাওয়ার পয়েন্টে উপস্থাপনের পর আইনের আলোকে এ বিষয়ে মতামত প্রদানের জন্য উপস্থিত সকলকে আহ্বান জানানো হয়।

| ক্রমিক নং | পর্যবেক্ষণ/আলোচনা |
|---|---|
| (ক) | Financial Reporting council (FRC) চেয়ারম্যান জনাব ড. মোঃ হামিদ উল্লাহ্ ভূঁঞা জানান, Public Interest Entity (PIE) সমূহের ফাইনান্সিয়াল রিপোর্টিং কার্যক্রমকে একটি সুনিয়ন্ত্রিত কাঠামোর আওতায় আনয়ন, হিসাব ও নিরীক্ষা পেশার স্ট্যান্ডার্ডস প্রণয়ন, প্রতিপালন, বাস্তবায়ন, তদারকি এবং এতদসংক্রান্ত অন্যান্য কার্যাবলী সম্পাদনের নিমিত্ত ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ এর অধীন FRC কাজ করছে। বেশিরভাগ ক্ষেত্রে দেখা যায় যে, PIE সমূহের বার্ষিক হিসাব নিরীক্ষা যথাসময়ে হয়ে থাকে মর্মে প্রতিয়মান হয়। তবে, জনস্বার্থ সংস্থাসমূহের অডিট যথানিয়মে সম্পন্ন করা হচ্ছে কিনা তা FRC নিয়মিত তদারকি করছে। FRC গবেষণা অনুযায়ী প্রায় সাড়ে তিন হাজার কোম্পানি এ ক্যাটেগরিতে রয়েছে। PIE কোম্পানিসমূহ ব্যতীত অন্যান্য কোম্পানির ক্ষেত্রে কোম্পানি আইন ও বিধি বিধানের আলোকে এজিএম অনুষ্ঠান করা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন। |
| (খ) | দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) এর প্রতিনিধি বলেন, কোম্পানি আইন-১৯৯৪ এর ধারা ১৮৩ অনুযায়ী বিধিবদ্ধ সময়ের মধ্যে বার্ষিক হিসাব বিবরণী প্রস্তুত করে আইসিএবি কর্তৃক প্রস্তুতকৃত DVS এর মাধ্যমে নিরীক্ষকগণ কর্তৃক প্রস্তুতকৃত কোম্পানির বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন অন্তর্ভুক্তকরণের বাধ্যবাধকতা রয়েছে। এতে কোম্পানির অডিট রিপোর্টের ডেভিয়েশন রোধ হবে এবং স্বচ্ছতা নিশ্চিত হবে। তিনি জানান, গত অর্থবছরে প্রায় ত্রিশ থেকে পয়ত্রিশ হাজার অডিট রিপোর্ট DVS-এ অন্তর্ভুক্ত করা হয়েছে। এদের মধ্যে বেশ কিছু কোম্পানির অডিট রিপোর্টে DVC'র তারিখ এজিএম এর জন্য বিধিবদ্ধ তারিখের পরে সম্পন্ন হয়েছে। যেহেতু উক্ত অডিট রিপোর্ট DVS এ অন্তর্ভুক্ত করে স্বচ্ছতা নিশ্চিত করা হয়েছে, এবং DVC সিস্টেমটি একটি নতুন পদ্ধতি বিধায় ব্যবসায় সহজিকরণের স্বার্থে এজিএম অনুষ্ঠানের জন্য কোম্পানিগুলোকে হাইকোর্টে না পাঠিয়ে একটি নির্ধারিত সময়ের জন্য বিষয়টি শিথিল করা যেতে পারে। তবে, যে সকল কোম্পানি একাধিক বছরেও কোন অডিট রিপোর্ট প্রস্তুতই করছে না, তাদেরকে অবশ্যই আইন অনুযায়ী হাইকোর্টের অনুমোদন নিয়ে এজিএম সম্পন্ন করতে হবে মর্মে মতামত ব্যক্ত করেন।<br>এছাড়া আইসিএবি এর সাবেক প্রেসিডেন্ট জনাব এ কে গোলাম কিবরিয়া এফসিএ, এতদবিষয়ে বিস্তারিত উল্লেখপূর্বক কোম্পানি আইনের আলোকেই সমস্যাটি সমাধান করা সম্ভব মর্মে মতামত ব্যক্ত করেন। |
| (গ) | এফবিসিসিআই এর প্রতিনিধি এফআরসি নির্ধারিত PIE সমূহ ব্যতীত অন্যান্য কোম্পানিগুলোর ক্ষেত্রে নির্ধারিত কোম্পানি আইনের আলোকে একটি নির্ধারিত সময়ের জন্য বিলম্বে DVC গ্রহণ সংক্রান্ত বিষয়ে শিথিল করে এজিএম অনুষ্ঠানের সুযোগ দেয়া যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন। |

| | |
|---|---|
| (ঘ) | আরজেএসসি এর উপ-নিবন্ধক জনাব রনজিৎ কুমার রায় তার বক্তব্যে জানান, যেহেতু কোম্পানি আইনের ৮১ ধারায় এজিএম অনুষ্ঠান, ১৮৩ অনুযায়ী হিসাব বিবরণী প্রস্তুত এবং ১৯০ ধারা অনুযায়ী এজিএম অনুষ্ঠিত হোক বা না হোক কিংবা বার্ষিক হিসাব বিবরণী অনুমোদন হোক বা না হোক তা রেজিস্ট্রারের নিকট দাখিলের বিধান রয়েছে। আবার কোম্পানি আইনের ভাষ্যে মুলতবী সভা অনুষ্ঠানের মাধ্যমে বার্ষিক হিসাব বিবরণী অনুমোদনের দৃষ্টান্ত রয়েছে এবং কোম্পানি আইনের তফসিল-১ এর ৫৬ অনুচ্ছেদে মুলতবী সভা অনুষ্ঠান ও মুলতবীকৃত এজেন্ডা অনুমোদনের পদ্ধতি সম্পর্কে বর্ণিত রয়েছে। সেহেতু, কোম্পানি নির্দিষ্ট সময়ে এজিএম অনুষ্ঠানকরতঃ অডিট রিপোর্ট অনুমোদনের বিষয়টি মুলতবী করতে পারে এবং পরবর্তীতে মুলতবী সভায় তা অনুমোদন করে আরজেএসসিতে দাখিল করতে পারে। তবে, মুলতবী সভা পূর্ববর্তী সভার ধারাবাহিক সভা হিসাবে গণ্য হবে। এই নীতি ৮১ (১) ধারা অনুসারে তখনি প্রয়োগ করা যাবে যখন মুলতবীকৃত এজিএম উহার পরবর্তী এজিএম এর নির্দিষ্ট সময় অতিক্রান্ত হবার পূর্বে অনুষ্ঠিত হয়। তিনি আরোও জানান, পার্শ্ববর্তী দেশসমূহের কোম্পানি আইনে মুলতবী সভার মাধ্যমে অডিট রিপোর্ট অনুমোদনের বিধান রয়েছে।<br>এফআরসি'র চেয়ারম্যান ও নির্বাহী পরিচালক এজিএম ও DVC সংক্রান্ত বিষয়টি জুন/২০২৫ অর্থবছর পর্যন্ত শিথিল করা যেতে পারে মর্মে ঐক্যমত প্রকাশ করেন। |
| (ঙ) | সভার সভাপতি বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব তপন কান্তি ঘোষ বলেন, বাজার অর্থনীতির বর্তমান ব্যবসায়িক পরিমন্ডলে উদ্যোক্তাদের ব্যবসা করার সুযোগ বৃদ্ধি এবং জনস্বার্থ ক্ষুণ্ন না করে ব্যবসায়িক পরিবেশ অনুকূল হবে এমন সিদ্ধান্ত গ্রহণের উপর গুরুত্ব আরোপ করে Public Interest Entity (PIE) ব্যতীত অন্যান্য কোম্পানির ক্ষেত্রে বিলম্বে DVC সম্পন্নের ক্ষেত্রে জুন/২০২৫ সাল পর্যন্ত এ সুযোগ রাখা যেতে পারে। |

সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

০১। FRC নির্ধারিত Public Interest Entity (PIE) ব্যতীত অন্যান্য প্রাইভেট কোম্পানি, বাণিজ্য সংগঠন ও ২৯ ধারার কোম্পানিসমূহ জুন/২০২৫ সাল পর্যন্ত বার্ষিক নিরীক্ষিত হিসাব বিবরণী মুলতবী সভার মাধ্যমে অনুমোদন এবং আরজেএসসি-তে দাখিল করতে পারবে। তবে, এই নীতি ৮১ (১) ধারা অনুসারে তখনি প্রয়োগ হবে যখন মুলতবীকৃত এজিএম উহার পরবর্তী এজিএম এর নির্দিষ্ট সময় অতিক্রান্ত হবার পূর্বে অনুষ্ঠিত হয়।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৪/২৪

(তপন কান্তি ঘোষ)
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১৫৬.০১.০০১.২৪. ৬৮

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩১ / ২৮ এপ্রিল ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) চেয়ারম্যান, ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, পর্যটন ভবন (৯ম তলা), প্লট-৫সি/১ পশ্চিশ আগারগাঁও, ঢাকা
২) নিবন্ধক(অতিরিক্ত সচিব), যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
৩) চেয়ারম্যান, দি ইনস্টিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি), সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা
৪) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর , বাণিজ্য মন্ত্রণালয়
৫) একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়
৬) সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি, ৬০ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
৭) ব্যক্তিগত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক (বাণিজ্য সংগঠন) এর দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়

২৮/০৪/২৪

(এম এম মোস্তফা জামাল চৌধুরী)
উপসচিব